



উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়
সিলেট অঞ্চল, সিলেট।

অর্থসংগণ আদালত আইন ২০০৩ এর ১২নং ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **জনাব শাহ মোঃ শফিকুল ইসলাম**, পিতা-মৃত হাজী আব্দুর রশিদ, মাতা-জোবেদা খাতুন, ঠিকানা: গ্রাম-হবিবপুর (শাহপুর), ডাকঘর: জগন্নাথপুর, উপজেলা-জগন্নাথপুর, জেলা-সুনামগঞ্জ। তার মালিকানাধীন **মেসার্স জোবেদা এন্টারপ্রাইজ**, হবিবনগর, রাণীগঞ্জ রোড, জগন্নাথপুর, সুনামগঞ্জ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে **উত্তরা ব্যাংক লিমিটেড, জগন্নাথপুর শাখা, সুনামগঞ্জ** হতে টাকা ২০,০০,০০০.০০ (বিশ লক্ষ) সি.সি. (হাইপো) ঋণ গ্রহণ করেন। ঋণের জামানত হিসাবে তার নিজ নামীয় নিম্নলিখিত তফসিলভুক্ত সম্পত্তি সমূহ বন্ধক রাখেন। বারবার তলব তাগাদা দেয়া সত্ত্বেও ব্যাংক ঋণ গ্রহীতা/বন্ধকদাতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা যায়নি। বিগত ২৮-০২-২০১৮ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তার নিকট ব্যাংকের টাকা ২৪,১৫,৯৯৬.৩৫ (চব্বিশ লক্ষ পনের হাজার নয়শত ছিয়ানব্বই এবং পয়ত্রিশ পয়সা) পাওনা হয়েছে। ঋণ নেয়ার সময় ঋণগ্রহীতা/ বন্ধকদাতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রী করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লেখিত আইনের বিধানমতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রী করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ০৪-০৪-২০১৮ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে **উত্তরা ব্যাংক লিমিটেড-এর জগন্নাথপুর শাখা, সুনামগঞ্জে** রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে রেজিস্ট্রী ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং এদিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য **উত্তরা ব্যাংক লিঃ**-এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে।

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিমিত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবি থাকলে তা পরিশোধের কোন দায়দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাবে না। এছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

তফসিল

১) জেলা-সুনামগঞ্জ, থানা-জগন্নাথপুর, মৌজা-ইকড়ছই, সাবরেজিষ্ট্রি অফিস-জগন্নাথপুর, জে.এল নং-১৭২, এস.এ খতিয়ান নং-৪, ৫, ১১, ৩৯, নামজারী খতিয়ান নং-১৫২৬, ১৭৩৫, ডিপি নং-৭৪৩, এস.এ দাগ নং-৯৩৮, ৯৪০, ৯৪২, ৯৪৩, আর.এস নং-৯৮১, ৯৮২। জমির পরিমাণ ২৭.০০ (সাতাশ) শতাংশ অর্ধপাক্কা গোড়াউন ও চাতাল বিল্ডিং।

উপ-মহাব্যবস্থাপক
চেয়ারম্যান, টেন্ডার কমিটি